২৭ দৈনিক খবর
তারিখ 25 NOV 1991
পৃষ্ঠা ২ কলাম ৮

## চিকিৎসক সমিতির অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

# চারটি নতুন মেডিকেল কলেজ হাসপাতাল স্থাপনের আশ্বাস

বাসস জানায়, প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, দিনাজপুর, বগুড়া, খুলনা ও ফরিদপুরে পর্যায়ক্রমে চারটি নতুন মেডিকেল কলেজ হাসপাতাল স্থাপনের প্রস্তুতির কাজ অচিরেই শুরু করা হবে। তিনি ঘোষণা করেন যে, আগামী ১লা জানুয়ারী থেকে ডাক্তারদের উপজেলায় ডেপুটেশনের ব্যবস্থা বিলোপ করা হবে এবং এই নির্দেশ বাস্তবায়নের পর ডাক্তারদের জেলা সিভিল সার্জনের অধীনে ন্যস্ত করা হবে। প্রধানমন্ত্রী বলেন যে, সরকার প্রাথমিক ভিত্তিতে ২৫০ জন ডাক্তারকে সরকারী চাকরি দেয়ার সিদ্ধান্ত নিয়েছেন।

প্রধানমন্ত্রী গতকাল রোববার ঢাকার শিল্পকলা একাডেমী মিলনায়তনে বাংলাদেশের চিকিৎসক সমিতির নির্বাহী কমিটির অভিষেক উৎসবে বক্তৃতা করছিলেন।

বেগম জিয়া তাঁর বক্তৃতায় বলেন যে, পল্লী এলাকায় ওষুধের প্রাপ্যতা নিশ্চিত করার জন্য প্রতি উপজেলায় কমপক্ষে দু'জন করে মোট ১ হাজার ডাক্তারকে ড্রাগ লাইসেন্স দেয়া হবে। তিনি বলেন, স্বৈরাচার বিরোধী আন্দোলনে আত্মোৎসর্গকারী শহীদ ডাঃ মিলনের স্মৃতির উদ্দেশ্যে সম্মান প্রদর্শনের জন্য সরকার ঢাকা মেডিকেল কলেজে 'শহীদ মিলন মিলনায়তন' স্থাপন করবে। আগামী ২৭শে নভেম্বর এই মিলনায়তনের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হবে।

অভিষেক উৎসবে অন্যান্যের মধ্যে

শেষ পৃষ্ঠায় ৫ম কলামে

## চারটি নতুন মেডিকেল

প্রথম পৃষ্ঠার পর

বক্তৃতা করেন জাতীয় সংসদের উপনেতা অধ্যাপক বদরুদ্দোজা চৌধুরী, স্বাস্থ্যমন্ত্রী চৌধুরী কামাল ইবনে ইউসুফ, ড্যাব (বাংলাদেশের চিকিৎসক সমিতি)-এর চেয়ারম্যান ডাঃ এ কে এম কামারুজ্জামান এমপি এবং ড্যাব মহাসচিব ডাঃ মোহাম্মদ আতিকুর রহমান।

প্রধানমন্ত্রী বলেন, দরিদ্র জনগণের জন্য বিনামূল্যে চিকিৎসা সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে ড্যাব পরিচালিত ফ্রাইডে ক্লিনিকগুলোকে জোরদার করার পদক্ষেপ নেয়া হবে। তিনি বলেন, আর্ত-মানবতাকে স্বাস্থ্য পরিচর্যা প্রদানের জন্য সরকার হাসপাতালগুলোকে আরও কার্যকর করে তুলতে আগ্রহী। স্বাস্থ্য খাতে বর্তমান সরকারের লক্ষ্যমাত্রা অর্জনে সাহায্য করার জন্য তিনি ডাক্তার ও নার্সদের প্রতি সুষ্ঠুভাবে কাজ করার আহবান জানান।

প্রধানমন্ত্রী পল্লীর জনগণকে যথাযথভাবে চিকিৎসা করার জন্য ডাক্তারদের গ্রামে যাবার আহবান জানান। তিনি বলেন, যেসব ডাক্তার পল্লীর দরিদ্র জনগণের দুর্দশা মোচনের জন্য কাজ করবেন দেশে ও বিদেশে উচ্চতর প্রশিক্ষণ গ্রহণের ক্ষেত্রে তাদের অগ্রাধিকার ভিত্তিতে সাহায্য-সহযোগিতা করা হবে।

বেগম জিয়া বলেন, স্বাস্থ্যখাতের বিদ্যমান সমস্যার সমাধানের জন্য আমরা সর্বতোভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি; কিন্তু সম্পদের সীমাবদ্ধতা থাকায় সবগুলো সমস্যার সমাধান করতে সময়ের দরকার হবে। তিনি জাতীয়তাবাদের প্রেরণা নিয়ে গঠিত ড্যাব-এর সদস্যদের প্রতি তৃণমূল পর্যায়ে কাজ করার আবেদন জানান। প্রধানমন্ত্রী বলেন, বিএনপি সরকার শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের গ্রাম-ভিত্তিক চিকিৎসা নীতি বাস্তবায়ন করতে চায়।